**মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরের এপ্রিল/২০২৬ মাসের ভাতাভোগী যাচাই-বাছাই ও চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ মাহফুজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।

সভার তারিখ : ২৯/০৪/২০২৬ খ্রিঃ ।
সময় : বেলা-১১:০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শৈলকুপা, ঝিনাইদহ।

সভায় উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি পেশ করেন । আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয় ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-১: মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২৫-২০২৬ অর্থবছরের বরাদ্দ সংক্রান্ত:**

**আলোচনা:** সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্যসচিব উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে তার বক্তব্য তুলে ধরেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির প্রাপ্ত বরাদ্দ হতে এপ্রিল/২০২৬ মাসের ভাতাভোগী নির্বাচনের জন্য আজকের এ সভা। নীতিমালার আলোকে ভাতাভোগী হতে ইচ্ছুক ৪ (চার) থেকে ৬ (ছয়) মাসের সন্তান সম্ভাব্য মায়েরা ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০ (চল্লিশ টাকা) এবং তথ্য সেবা কর্মকর্তার নিকট হতে বিনামূল্যে অনলাইনে আবেদন করতে পারবে। এপ্রিল/২০২৬ মাসে অনলাইনে ইউনিয়নে ২৩২ (দুইশত বত্রিশ) টি এবং পৌরসভায় ৩০ (ত্রিশ) টি সহ মোট ২৬২ (দুইশত বাষট্টি) টি আবেদন জমা হয়। প্রাপ্ত আবেদন হতে ইউনিয়ন কমিটি যাচাই বাছাই অন্তে ২১৪ (দুইশত চৌদ্দ) জন এবং পৌরসভা কমিটি ৩০ (ত্রিশ) জন উপকারভোগীকে চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করে। ইউনিয়ন হতে ২১৪ (দুইশত চৌদ্দ) জন এবং পৌরসভা কমিটি ৩০ (ত্রিশ) জন আবেদন ভাতা প্রাপ্তির যোগ্য হওয়ায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করে। উপজেলা কমিটি যাচাই বাছাই সভায় সদস্য সচিব জানান যে, ইউনিয়ন হতে এপ্রিল/২০২৬ মাসে ০১ নং ত্রিবেনী ইউনিয়নে ১৯ (উনিশ) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয় হয়েছে, এবং ০৪ জন ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে, ০২ নং মির্জাপুর ইউনিয়নে ১৫ (পনের) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয় হয়েছে, ০৩ নং দিগনগর ইউনিয়নে ১৭ (সতের) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০২ জন ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে, ০৫ নং কাঁচেরকোল ইউনিয়নে ১৬ (পনের) জন সুপারিশকৃতের মধ্যে ১৬ (ষোল) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে, ০৬ নং সারুটিয়া ইউনিয়নে ২১ (একুশ) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০৬ (ছয়) জন ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে, ০৭ নং হাকিমপুর ইউনিয়নে ১১ (এগারো) জন সুপারিশকৃতের মধ্যে (এগারো) জন এবং পূর্বের ০২ (দুই)জন সহ মোট ১৩ (তের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে। ০৮ নং ধলহরাচন্দ্র ইউনিয়নে ১৬ (ষোল) জন সুপারিশকৃতের মধ্যে ১৬ (ষোল) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে। ০৯ নং মনোহরপুর ইউনিয়নে ১৮ (আঠারো) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০৩ (তিন) জন ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে, ১০ নং বগুড়া ইউনিয়নে ১৫ (পনের) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ জন (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে। ১১ নং আবাইপুর ইউনিয়নে ১৯ (উনিশ) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (এগারো) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০৪ (চার) ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে। ১২ নং নিত্যানন্দপুর ইউনিয়নে ১১ (এগারো) জন সুপারিশকৃতের মধ্যে ১১ (এগারো) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে। ১৩ নং উমেদপুর ইউনিয়নে ২০ (বিশ) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০৫ (পাঁচ) জন ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে, ১৪ নং দুধসর ইউনিয়নে ১৮ (আঠারো) জন সুপারিশকৃতের মধ্যে ১৫ (পনের) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০৩ (তিন) জন ভাতাভোগীকে অপেক্ষমান রাখা হয়েছে, ১৫ নং ফুলহরি ইউনিয়নে ১৫ (পনের) জন সুপারিশকৃতের মধ্যে ১৪ (চৌদ্দ) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে। যাচাই-বাছাই শেষে উপজেলা কমিটি ইউনিয়ন হতে প্রাপ্ত ২০৫ (দুইশত পাঁচ) জন এবং পৌরসভার ৩০ (ত্রিশ) জন ভাতাভোগীকে চূড়ান্ত ভাবে অনুমোদন প্রদান করে। নিম্নে ছক আকারে এপ্রিল/২০২৬ মাসে প্রাপ্ত বরাদ্দ, সুপারিশকৃত আবেদন, চূড়ান্ত ভাবে অনুমোদিত আবেদন দেয়া হলো:

| ক্র:নং | ইউনিয়ন/পৌরসভার নাম | প্রতি মাসে ইউনিয়ন ওয়ারী প্রাপ্ত বরাদ্দ | ইউনিয়ন/পৌরসভায় এপ্রিল/২০২৬ মাসে প্রাপ্ত আবেদন | ইউনিয়ন/পৌরসভা থেকে সুপারিশকৃত আবেদন | উপজেলা কমিটি থেকে চূড়ান্ত অনুমোদনকৃত আবেদন |
|---|---|---|---|---|---|
| ০১ | ত্রিবেনী | ১৫ | ১৯ | ১৯ | ১৫ |
| ০২ | মির্জাপুর | ১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ০৩ | দিগনগর | ১৫ | ১৭ | ১৭ | ১৫ |
| ০৪ | কাঁচেরকোল | ১৫ | ১৬ | ১৬ | ১৬ |
| ০৫ | সারুটিয়া | ১৫ | ২১ | ২১ | ১৫ |
| ০৬ | হাকিমপুর | ১৫ | ১১ | ১১ | ১৩ |
| ০৭ | ধলহরাচন্দ্র | ১৫ | ১৬ | ১৬ | ১৬ |
| ০৮ | মনোহরপুর | ১৫ | ১৮ | ১৮ | ১৫ |
| ০৯ | বগুড়া | ১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ১০ | আবাইপুর | ১৫ | ১৯ | ১৯ | ১৫ |
| ১১ | নিত্যানন্দপুর | ১৫ | ১১ | ১১ | ১১ |
| ১২ | উমেদপুর | ১৫ | ২০ | ২০ | ১৫ |
| ১৩ | দুধসর | ১৫ | ১৮ | ১৮ | ১৫ |
| ১৪ | ফুলহরি | ১৫ | ১৬ | ১৫ | ১৪ |
| | মোট= | ২১০ | ২৩২ | ২৩১ | ২০৫ |
| ১৫ | শৈলকুপা পৌরসভা | ৬৩ | ৩০ | ৩০ | ৩০ |
| | মোট= | ২৭৩ | ২৬২ | ২৬১ | ২৩৫ |

**মন্তব্য:** ইউনিয়ন থেকে মোট প্রাপ্ত আবেদন ২৩২ টি এবং সুপারিশকৃত আবেদন ২৩১ টি। ইউনিয়ন থেকে প্রাপ্ত সুপারিশকৃত আবেদন হতে যাচাই বাছাই শেষে উপজেলা কমিটি ২০৫ টি এবং পৌরসভা থেকে মোট প্রাপ্ত আবেদন ৩০ টি এবং সুপারিশকৃত আবেদন ৩০ টি। পৌরসভা থেকে প্রাপ্ত সুপারিশকৃত আবেদন হতে যাচাই বাছাই শেষে উপজেলা কমিটি ৩০ টি আবেদন চূড়ান্ত অনুমোদন প্রদান করে।

**সিদ্ধান্ত:** নীতিমালার আলোকে বরাদ্দ সংক্রান্ত সকল কার্য সম্পাদন করতে হবে।

**বাস্তবায়ন:** প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, সচিব, উদ্যোক্তা সকল ইউনিয়ন, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসূচি-২ : আবেদন পত্র যাচাই ও চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়ে:**

**আলোচনা:** মা ও শিশু সহায়তার নীতিমালার আলোকে প্রতিমাসের ১ থেকে ২০ তারিখ পর্যন্ত ভাতাভোগী হতে ইচ্ছুক ১ম ও ২য় গর্ভধারণকারী মায়েরা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে নির্ধারিত ৪০/- (চল্লিশ টাকা) ফি দিয়ে অনলাইনে আবেদন করতে পারবেন। নির্ধারিত ৪০ (চল্লিশ টাকার) বেশি কোন অবস্থাতেই আবেদনকারীদের নিকট হতে গ্রহণ করা যাবে না। ২০ থেকে ২৫ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটি তালিকা যাচাই বাছাই করে রেজুলেশনসহ উপজেলা কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা কমিটি ২৫ থেকে ৩০ তারিখের মধ্যে আবেদন যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদন করবেন।

**সিদ্ধান্ত :** সকল ইউনিয়নের ট্যাগ অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট এনজিওর মাধ্যমে আবেদন পত্রগুলো নীতিমালার আলোকে যাচাই বাছাই করে চূড়ান্ত করণের এবং অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** ট্যাগ অফিসার সকল ইউনিয়ন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার, সংশ্লিষ্ট এনজিও, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসূচি-৩ : সঠিক সময়ে প্রাপ্ত বরাদ্দের অনলাইন সম্পন্ন বিষয়ে:**

**আলোচনা:** সদস্য সচিব জানান যে, প্রতি ইউনিয়নে মাস ওয়ারী নির্ধারিত (১ তারিখ হতে ২০ তারিখ) যে বরাদ্দ আছে তা ইউনিয়ন পরিষদ হতে প্রচার-প্রচারণার মাধ্যমে প্রতিমাসের নির্ধারিত তারিখের মধ্যেই বরাদ্দকৃত ভাতাভোগীর অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে এবং সঠিক সময়ে উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত:** সঠিক সময়ের মধ্যে ভাতাভোগী নির্বাচন এবং উপজেলা কমিটিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন:** প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, সচিব, উদ্যোক্ত সকল ইউনিয়ন, শৈলকুপা, ঝিনাইদহ ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে মা ও শিশু সহায়তা কর্মসূচির পরিপত্রের নির্দেশনার আলোকে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/০৪/২৬

**(মোঃ মাহফুজুর রহমান)**
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৩২.০১.৪৪৮০.০০০.০৬.০০১.২৪-৮৫৭ ২৯/০৪/২০২৬ খ্রিঃ ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহ।
৫। অফিস কপি।

২৯/০৪/২০২৬

**(রেশমা খানম)**
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।